

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:18-03-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Election Model Code of Conduct:

সারাদেশে লোকসভা নির্বাচন এবং চারটি রাজ্য বিধানসভা নির্বাচন ঘোষণার সঙ্গে সঙ্গে নির্বাচন কমিশন আদর্শ আচরণবিধি কার্যকর করার নির্দেশ জারি করেছে। মন্ত্রীপরিষদের সচিব, সমস্ত রাজ্যের মুখ্য সচিব এবং মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছে লেখা চিঠিতে কমিশন বলেছে নির্বাচন ঘোষণা ২৪ ঘণ্টার মধ্যে সমস্ত দেওয়াল লিখন, পোস্টার বা অন্য কোন ধরনের সরকারি সম্পত্তির অবমাননাকর লিখন সরিয়ে ফেলতে হবে। চিঠিতে আরো বলা হয়েছে, দেওয়াল লিখন বা পোস্টার, হোডিং ব্যানার পতাকার আকারে সরকারের সম্পত্তি এবং রেলস্টেশন ও বাসস্ট্যান্ডের মতো জনবহুল এলাকায় সমস্ত ধরনের রাজনৈতিক বিজ্ঞাপন ৪৮ ঘণ্টার মধ্যে সরিয়ে নিতে হবে। ব্যক্তিগত সম্পত্তিতে প্রদর্শিত সমস্ত অননুমোদিত রাজনৈতিক বিজ্ঞাপন নির্বাচন ঘোষণার ৭২ ঘণ্টার মধ্যে সরিয়ে ফেলতে হবে। কমিশন আরো বলেছে, যেকোন রাজনৈতিক দল, প্রার্থী বা নির্বাচনের সাথে যুক্ত অন্য কোন ব্যক্তি নির্বাচন সম্পর্কিত অফিসিয়াল দায়িত্বে পালনকারী কর্মকর্তা ছাড়া প্রচারের জন্য সরকারি যানবাহন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। কমিশন আরো জানিয়েছে, নির্বাচনী রাজ্যগুলির ওয়েবসাইট এবং কল সেন্টারের উপর ভিত্তি করে অভিযোগ প্রতিকারের ব্যবস্থা থাকবে কল

সেন্টাৰেৰ টোল ফ্ৰি নাম্বাৰ 1950। নিৰ্বাচনী কৰ্মকাণ্ডেৰ প্ৰচাৰেৰ উদ্দেশ্যে প্ৰয়োজনীয় তথ্য ৱেডিও, টিভি ও সৰকাৰি চ্যানেলেৰ মাধ্যমে ভোটাৰ শিক্ষা সামগ্ৰিক প্ৰদৰ্শনেৰ জন্য প্ৰচাৰ কৰা হবে।

Press meet-DM Gomati District:

আসন্ন নিৰ্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন কৰাৰ লক্ষ্যে গোমতী জেলায় সব ৱকমেৰ প্ৰস্তুতি নেওয়া হছে। গোমতী জেলাৰ জেলাশাসক তথা জেলা নিৰ্বাচন আধিকাৰিক তডিৎ কান্তি চাকমা গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন, তিনি বলেন, গোমতী জেলায় লোকসভা দুটি আসনে দুই ধাপে নিৰ্বাচন অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্ৰিপুৰা লোকসভা আসনে ১৯ এপ্ৰিল এবং পূৰ্ব ত্ৰিপুৰা আসনেভোট গ্ৰহন হবে ২৬ এপ্ৰিল। এই দুই কেন্দ্ৰেৰ মধ্যে গোমতী জেলায় সাতটি বিধানসভায় মোট ভোটাৰ ৩ লক্ষ ৪৪ হাজাৰ ৯১২ জন। তিনি বলেন, জেলায় মহিলা পৰিচালিত ১৭টি ভোট কেন্দ্ৰ থাকবে। প্ৰতিটি ভোট কেন্দ্ৰে সিসি টিভি ক্যামেৰা থাকবে।

জেলা পুলিশ সুপাৰ নামিত পাঠক জানান, গোমতী জেলায় অতি স্পৰ্শকাতৰ ভোটকেন্দ্ৰ চিহ্নিত কৰা হয়েছে নয়টি। প্ৰত্যেকটি বিধানসভা এলাকায় দুটি কৰে মডেল ভোট কেন্দ্ৰ থাকবে। তিনি আৰও জানান, ভোট শান্তিপূৰ্ণ সম্পন্ন কৰাৰ লক্ষ্যে পুলিশ প্ৰশাসনেৰ তৰফ থেকে যাবতীয় ব্যবস্থা গ্ৰহণ কৰা হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদেৰ মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ সহ জেলাৰ অন্যান্য আধিকাৰিকগণ 1

প্রধানমন্ত্রী :

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করার সাথে সাথেই বিভিন্ন রাজনৈতিক দলগুলির জনসভা প্রচার অভিযান শুরু হয়ে গেছে। গতকাল অন্ধ্রপ্রদেশের পালনাডু জেলায় এক জনসভায় বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন NDA সরকার দেশের বিভিন্ন অঞ্চলের সাথে জাতীয় ক্ষেত্রের উন্নয়নের দৃষ্টি ভঙ্গি নিয়ে এগিয়ে চলেছে। উন্নত অন্ধ্রপ্রদেশ নির্মাণের জন্যও NDA সরকার লক্ষ্য স্থির করেছে। তিনি আরো বলেন কৃষকদের ন্যূনতম চাহিদা পূরণে কেন্দ্রীয় সরকার যথেষ্ট গুরুত্ব দিচ্ছে। PM কৃষান সম্মান নিধির প্রসঙ্গ টেনে তিনি বলেন এই অঞ্চলে কৃষকরা এখন পর্যন্ত ৭০০ কোটি টাকা- সহায়তা পেয়েছেন। এই জনসভায় তেলগু দেশম পার্টির প্রধান N চন্দ্রবাবু নাইডু, জনসেনা পার্টির প্রধান পবন কল্যাণ সহ বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

Election Commission:

নির্বাচন কমিশন আজ তার ওয়েবসাইটে নির্বাচন বন্ডের উপর সুপ্রিমকোর্টের রেজিস্টার থেকে ডিজিটলাইজড আকারে প্রাপ্ত ডেটা আপলোড করেছে। www.eci.gov.in/candidate পলিটিক্যাল পার্টি এই ওয়েবসাইট থেকে ডেটা এক্সেস করা যেতে পারে। নির্বাচন কমিশনের এক বিবৃতিতে বলা হয়েছে, সুপ্রিমকোর্টের নির্দেশ অনুযায়ী রাজনৈতিক দলগুলি নির্বাচনী বন্ডের তথ্য বন্ধ খামে জমা দেয়।

Blood donation:

রাজ্য মহাকরণ কর্মচারী সংঘের উদ্যোগে গতকাল মহাকরণে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী , বিএমএসের সভাপতি দেবশ্রী কলই সহ অন্যরা। সংগঠনের সম্পাদক উৎপল দেবরায় জানান, শিবিরে ২২জন রক্ত দিয়েছেন। মন্ত্রী শ্রী চৌধুরী সংগঠনের সেবামূলক কাজের প্রশংসা করেছেন।

Under 13 Cricket:

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতা গতকাল থেকে একসাথে রাজ্যের বিভিন্ন মাঠে শুরু হয়েছে। আসরের প্রথম দিনে মোট সাতটি খেলা হয়। এতে তেলিয়ামুড়ায় অনুষ্ঠিত খেলায় সদর-বি ১ উইকেটে খোয়াইকে, নেপকো মাঠে মোহনপুর ৮ উইকেটে আমবাসাকে, বিশালগড়ের জাঙ্গালিয়া মাঠে সদর-এ ৮ উইকেটে সোনামুড়াকে, ধর্মনগরের কলেজ মাঠে স্বাগতিক ধর্মনগর ৬১ রানে কৈলাসহরকে, হাফলং মাঠে লংতরাই ভ্যালী ৮৫ রানে গন্ডাছড়াকে, উদয়পুরের কেবিআই মাঠে অমরপুর ৯ উইকেটে বিলোনীয়াকে এবং বিলোনীয়ায় অনুষ্ঠিত খেলায় উদয়পুর ৯৯ রানে শান্তিরবাজারকে পরাজিত করে।

Weather :

আবহাওয়া দপ্তর থেকে প্রাপ্ত খবর জানা গেছে আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০. ৮ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রী

সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রী সেলসিয়াস কাছাকাছি থাকবে।
বৃষ্টিপাতের কোনো সম্ভাবনা নেই।
